



জনসংযোগ অফিস

বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল - ৮২০০

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০(এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: barisaluniv.edu.bd

“শিক্ষা নিয়ে গড়ব দেশ শেখ
হাসিনার বাংলাদেশ”

প্রেস রিলিজ

তারিখ: ০১.০৮.২০১৭ খ্রি:

বরিশাল বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের একাডেমিক কার্যক্রমের ক্ষতি পুষিয়ে নিতে আগামী দুই সপ্তাহ পর্যন্ত শুক্র ও শনিবারেও ক্লাশ এবং পরীক্ষা কার্যক্রম চলবে।

বরিশাল বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বর্ষের শিক্ষার্থীদের একাডেমিক কার্যক্রমের ক্ষতি পুষিয়ে নিতে আগামী দুই সপ্তাহ পর্যন্ত সাপ্তাহিক ছুটির দিন শুক্র ও শনিবারেও বিশ্ববিদ্যালয়ের ক্লাশ এবং পরীক্ষা কার্যক্রম চলবে। গতকাল ৩১ জুলাই ২০১৭ তারিখ বিকেল ৫ টায় মাননীয় উপাচার্য প্রফেসর ড. এস এম ইমামুল হক এর সভাপতিত্বে অনুষ্ঠিত বিভিন্ন অনুষদের ডিন ও ১৮ টি বিভাগের বিভাগীয় প্রধানদের সভায় এ সিদ্ধান্ত নেয়া হয়। একইসাথে আগামী দুই সপ্তাহ পর্যন্ত সপ্তাহের অন্যান্য দিনের ন্যায় শুক্র এবং শনিবারেও বিশ্ববিদ্যালয়ের সম্মানিত শিক্ষক ও শিক্ষার্থীদের জন্য যথারীতি পরিবহন সুবিধা চালু থাকবে।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

মো. ফয়সল মাহমুদ রুমি
উপ-পরিচালক (চলতি দায়িত্ব)
জনসংযোগ অফিস